



বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতি

Association of Non-Government Universities of Bangladesh (ANUB)

Registration No: Dha-08098, Level # 5, RSR Tower, House # 50, Road # 11, Block # C

Main Road, Banani, Dhaka-1213, Phone # 88-02-9891453, 9891576, Fax# 880-2-9891845

তারিখঃ ফেব্রুয়ারী ২৮, ২০১৫

বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতি

প্রেস বিজ্ঞপ্তি

গতকাল ২৭শে ফেব্রুয়ারী ২০১৫ইং গুলশান ক্লাবে বাংলাদেশ বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি শেখ কবীর হোসেনের সভাপতিতে এক জরুরী সভা অনুষ্ঠিত হয়। বেসরকারী বিশ্ববিদ্যালয়ে বর্তমানে প্রায় চার লক্ষ শিক্ষার্থী অধ্যয়ন করছে, যা দেশের উচ্চ শিক্ষায় অধ্যয়নরত ৬৪% ভাগ শিক্ষার্থী। এ সকল শিক্ষার্থীই দেশের ভবিষ্যতে উন্নয়নে বিশেষ ভূমিকা রাখবে। বেসরকারী বিশ্ববিদ্যালয় সমিতি অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করছে যে, কতিপয় উশ্জ্বল শিক্ষার্থী বহিরাগতদের মদদে কিছু বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রমে বাধা সৃষ্টির প্রয়াস চালাচ্ছে। সমিতির অধ্যক্ষের জরুরী সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয় যে, যদি কোন শিক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক শিক্ষা কার্যক্রমে বাধা সৃষ্টি করে, তাহলে বিশ্ববিদ্যালয় কতৃপক্ষ ঐ সকল শিক্ষার্থীদের শৃঙ্খলা ভঙ্গের জন্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে এবং কোন শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে বহিস্কার করা হলে ভবিষ্যতে অন্য কোন বিশ্ববিদ্যালয়ে ঐ শিক্ষার্থীকে ভর্তি না করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আরো সিদ্ধান্ত গৃহীত হয় যে, আগামী রবিবার ১লা মার্চ ২০১৫ থেকে সকল বেসরকারী বিশ্ববিদ্যালয় তাদের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম নিয়মিত চালিয়ে যাবেন।

পরিশেষে, চলমান সহিংস কার্যকলাপে উদ্বেগ প্রকাশ করা হয় এবং শিক্ষার্থীদের স্বাভাবিক কার্যক্রম যাতে ব্যাহত না হয় তার জন্য সরকার, রাজনৈতিক দলসহ সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করছে।

মোহাম্মদ মোছাদ্দেক হোসেন

সেক্রেটারী

এ্যাসোসিয়েশন অব নন-গভর্নেন্ট ইউনিভার্সিটিজ অব বাংলাদেশ।